

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৬৫

৯/ হাজ (হজ) (إلله يلله) (১ হাজ (হজ)

পরিচ্ছেদঃ সাফা ও মারওয়ার মাঝে সাঈ করা।

باب مَا جَاءَ فِي السَّعْى بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ

আরবী

حَدَّتَنَا يُوسُفُ بْنُ عِيسَى، حَدَّتَنَا ابْنُ فُضَيْل، عَنْ عَطَاءِ بْنِ السَّائِب، عَنْ كَثِيرِ بْنِ جُمْهَانَ، قَالَ رَأَيْتُ ابْنَ عُمَرَ يَمْشِي فِي السَّعْي فَقُلْتُ لَهُ أَتَمْشِي فِي السَّعْي بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ قَالَ لَئِنْ سَعَيْتُ لَقَدْ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَسْعَى وَلَئِنْ مَشَيْتُ لَقَدْ رَأَيْتُ رَسُولَ الله عليه وسلم يَمْشِي وَأَنَا شَيْخٌ كَبِيرٌ. قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ. وَرُويَ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عُمَرَ نَحْوُهُ.

বাংলা

৮৬৫. ইউসুফ ইবনু ঈসা (রহঃ) কাছীর ইবনু জুমহান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি ইবনু উমার (রাঃ) কে সাফা ও মারওয়ার সাঈ স্থলে আস্তে চলতে দেখেছি। আমি তাকে বললাম, আপনি সাফা ও মারওয়ার সাঈ স্থলে আস্তে চলছেন? তিনি বললেন, আমি যদি দ্রুত চলি তবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কেও দ্রুত চলতে দেখেছি আর যদি আস্তে চলি তবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কেও আস্তে চলতে দেখেছি। আর এখন তো আমি অতি বৃদ্ধ। - ইবনু মাজাহ ২৯৮৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৮৬৪ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ। সাঈদ ইবনু জুবায়র (রহঃ) ও ইবনু উমার (রাঃ) থেকে অনুরূপ রিওয়ায়াত করেছেন।

English

Kathir bin Jumhan said:

"I saw Ibn Umar walking at the place of Sa'i so I said to him: 'Do you walk at the place of Sa'i between As-Safa and Al-Marwah?' He said: 'If I performed Sa'i, then it is because I saw the Messenger of Allah performing Sa'i there, and if I walked, then it is because I have seen the Messenger of Allah



walking. And I am an old man.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ কাসীর ইবন জুমহান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন